

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮২.১৮.০১৪.১৬.৬৩৮

তারিখ: ১৩ পৌষ ১৪৩০

২৮ ডিসেম্বর ২০২৩

বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ভাষা-জাদুঘর পরিদর্শনের আমন্ত্রণ প্রসঙ্গে।

সূত্র: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পত্র নং-৩৭.২৬.০০০০.১১৪.৯৯.০০১.২২-৮৬০, তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৩।

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আমাদের একুশের চেতনাধর্মী প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও জাতির জনক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এ ইনস্টিটিউটের পৃষ্ঠপোষক। ২০১৬ সালে এ ইনস্টিটিউট ইউনেস্কোর ক্যাটেগরি ২ প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করেছে। এ প্রতিষ্ঠানে রয়েছে সমৃদ্ধ আধুনিক ভাষা জাদুঘর ও লিখনরীতি আর্কাইভ। ভাষা জাদুঘরে মহান ভাষা-আন্দোলনের দুর্লভ আলোকচিত্রসহ ১৯৯টি দেশের ভাষার তথ্য ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করা আছে। সরকারি ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ৯:৩০ মি. থেকে বিকাল ৩:৩০ মি. পর্যন্ত দর্শনার্থীদের জন্য ভাষা জাদুঘর উন্মুক্ত রয়েছে। ভাষা জাদুঘর পরিদর্শনের জন্য কোনো প্রবেশ মূল্য নাই। শিক্ষার্থীদের স্টাডি-ভিজিটের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট একটি অন্যতম প্রতিষ্ঠান এবং ভাষা-জাদুঘর একটি গুরুত্বপূর্ণ অনুযজ্ঞ।

০২। এমতাবস্থায়, শিক্ষক ও শিক্ষার্থীদের আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট পরিদর্শনের বিষয়টি অবহিত করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

২৮-১২-২০২৩

সাইফুর রহমান খান

উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল:

sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮২.১৮.০১৪.১৬.৬৩৮/১(৩)

তারিখ: ১৩ পৌষ ১৪৩০

২৮ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।
- ৩) যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২৮-১২-২০২৩

সাইফুর রহমান খান
উপসচিব